

## ■ نূহ | Nuh | نوح

আয়াতঃ ৭১ : ১৭

 আরবি মূল আয়াত:

وَاللَّهُ أَنْبَتَكُمْ مِّنَ الْأَرْضِ نَبَاتًا ۝ ۱۷ ۝

Aর্থ অনুবাদসমূহ:

‘আর আল্লাহ তোমাদেরকে উদগত করেছেন মাটি থেকে’। — আল-বায়ান

আল্লাহ তোমাদেরকে মাটি থেকে উদগত করেন (এবং ক্রমশঃ বাড়িয়ে তোলেন যেমন বাড়িয়ে তোলেন বৃক্ষকে) —  
তাইসিরুল্ল

তিনি তোমাদেরকে সৃষ্টি করেছেন মৃত্তিকা হতে। — মুজিবুর রহমান

And Allah has caused you to grow from the earth a [progressive] growth. —  
Sahih International

১৭. তিনি তোমাদেরকে উদ্ভূত করেছেন মাটি হতে(১)

(১) অর্থাৎ মাটিতে উদ্ভিদ উৎপন্ন হওয়ার মত তোমাদেরকে মাটির উপাদান থেকে উৎপন্ন ও উদ্ভূত করেছেন।  
[কুরআন]

তাফসীরে জাকারিয়া

(১৭) তিনি তোমাদেরকে মাটি হতে উদ্ভূত করেছেন। [1]

[1] অর্থাৎ, তোমাদের পিতা আদম (আঃ)-কে মাটি হতে সৃষ্টি করে তাতে আল্লাহ রহ ফুঁকেছেন। আর যদি মনে করা হয় যে, এতে সমস্ত মানুষকে সম্মোধন করা হয়েছে, তাহলে তার অর্থ হবে, তোমরা যে বীর্য থেকে জন্ম লাভ করেছ, সেটা সেই খোরাক থেকেই তৈরী, যা যমীন থেকে উৎপন্ন হয়। এই দিক দিয়ে সবারই যা থেকে জন্ম তার মূল ও আসল উপাদান হল যমীন বা মাটি।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5436>

 হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন